

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ৮, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখঃ ১৮ নভেম্বর, ২০১৪

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৫৪.২০১৪-১১০৫—যেহেতু, জনাব মোঃ মাজেদুর রহমান, চেয়ারম্যান, সুন্দরগঞ্জ উপজেলা পরিষদ, গাইবান্ধা-এর বিরুদ্ধে সুন্দরগঞ্জ থানার মামলা নং-০৯, তারিখ : ১৮-১১-২০১৩, জিআর নং-২৭৯/২০১৩, অভিযোগ পত্র নং-১০০, তারিখ ২৮-০৬-২০১৪, সুন্দরগঞ্জ থানার মামলা নং-২৪, তারিখ ২৮-০২-২০১৪, জিআর নং-৪৪/২০১৩ বিজ্ঞ আদালত কর্তৃক চার্জশীট গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ মাজেদুর রহমান, চেয়ারম্যান, সুন্দরগঞ্জ উপজেলা পরিষদ, গাইবান্ধা-এর বিরুদ্ধে চার্জশীট গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮[উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ)(১) অনুসারে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ মাজেদুর রহমানকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সবুর হোসেন

উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(২০০৮৭)

মূল্য : টাকা ৪.০০